

# জুনের সেরা ৫ অ্যান্ড্রয়ড অ্যাপ

বর্ষা শুরু হয়ে গেছে। গত মাসে বাজারে এসেছে হাজারো নতুন নতুন অ্যান্ড্রয়ড অ্যাপ। এই বর্ষার সৌন্দর্য উপভোগ করতে গিয়ে যেন গত মাসের সেরা অ্যাপগুলো মিস না করেন, তাই এই লেখাতে গত মাসের সেরা কিছু অ্যাপের তালিকা করা হয়েছে। এখানকার অ্যাপগুলো সেরা সব অ্যাপ থেকে বেছে নেয়া হয়েছে, যেগুলো থেকে নতুন কয়েকটি ব্যবহার করে দেখতে পারেন।

## আনোয়ার হোসেন

### গুগল প্লে ডেভেলপার কম্পোল



এই অ্যাপটি মূলত অ্যাপ ডেভেলপারদের জন্য, যারা অ্যাপ বানিয়ে গুগল প্লে-তে দিয়েছেন এবং সময় সময় তাদের সেসব অ্যাপের কী অবস্থা দেখার জন্য গুগল প্লেতে ভিজিট

করেন। এখন থেকে এই অ্যাপের মাধ্যমে আপনার অ্যান্ড্রয়ড অ্যাপের স্ট্যাটাস জানার জন্য আর ওয়েব চেক করতে হবে না। গুগল ডেভেলপারদেরকে বাড়তি ঝামেলা থেকে মুক্তি দেয়ার জন্য বানিয়েছে এই অ্যাকচুয়াল ডেভেলপার কম্পোল অ্যাপ। তবে এই অ্যাপ দিয়ে আপনার নতুন বানানো অ্যাপটিকে পাবলিশ করতে পারবেন না। আপনি যা পাবেন তা হলো, আপনার প্রকাশিত সব অ্যাপের নানা তথ্য যেমন- অ্যাপ ম্যাট্রিক্স, পরিসংখ্যান জানা, এমনকি এই অ্যাপের মাধ্যমে আপনার অ্যাপের জন্য ব্যবহারকারীদের দেয়া রিভিউও পড়তে পারবেন। এই অ্যাপের মাধ্যমে আপনার অ্যাপ ব্যবসায়ের অবস্থা এক ঝলকে দেখে নিতে পারবেন বিরক্তিকর মোবাইল ব্রাউজার ব্যবহার না করেই।

### সুইফটমজি


নতুন কিবোর্ড অ্যাপের খোঁজ করে থাকলে আপনি সুইফটমজি ব্যবহার করে দেখতে পারেন। নতুন রিলিজ হওয়া এই অ্যাপ এখন বেটা ভার্সনে আছে। এই কিবোর্ড অ্যাপ ব্যবহার



করলে আপনাকে অন্য কোনো অ্যাপ ব্যবহার করতে হবে না। এই অ্যাপে অনেক নতুন ফিচার আছে। যারা কিবোর্ড অ্যাপ সুইফট কি পছন্দ

করেন, তারা এই অ্যাপে সেই অ্যাপের অনেক সুবিধাও পাবেন। এই অ্যাপের মাধ্যমে ইমোজি ব্যবহার করতে পারবেন দারুণ প্রাসঙ্গিকভাবে। আপনি যা কিছু টাইপ করবেন তার সাথে সম্পর্কিত ইমোজি প্রিডিকশন পাবেন এই অ্যাপে। এই অ্যাপ ব্যবহার করলে আপনাকে লেখা বাদ দিয়ে ইমোজির জন্য অন্য কোথাও যেতে হবে না। বরং কোনো কিছু লেখার সাথে সাথেই তার সাথে সম্পর্কিত ইমোজিই আপনার কাছে চলে আসবে। এর আরেকটি ফিচার হচ্ছে প্রতিনিয়ত নতুন নতুন ইমোজির আপডেট পেতে থাকবেন। এই অ্যাপের কার্যক্রমের নানা সুবিধার বাইরে একে আপনি নিজের মতো করে সাজিয়ে নিতে পারবেন, যেমন- এর রং পরিবর্তন করা, কিবোর্ডের আকার পরিবর্তন করা বা অটোকারেক্ট বা অন্য আরও কিছু সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পাওয়ার জন্য সেগুলো ঠিক করে দেয়া।

### স্পেসেস-স্মল গ্রুপ শেয়ারিং



নাম দেখেই বোঝা যাচ্ছে এটি একটি ছোট গ্রুপ শেয়ারিং অ্যাপ। এই অ্যাপের মাধ্যমে আপনি যেকোনো বিষয়ের স্পেস বানিয়ে নিতে পারবেন। তারপর আপনার বন্ধুদেরকে কুইক লিঙ্কের মাধ্যমে ইনভাইট করতে পারবেন। এর শেয়ার বক্সে বিল্টইন আছে গুগল সার্চ, গুগল ক্রোম, ফটোস এবং ইউটিউব। স্পেসেস সদস্যরা একে অপরের পোস্টে কमेंট করতে পারেন। কमेंট করা ছাড়াও আপনি চাইলে সার্চিং কিওয়ার্ড দিয়ে আপনার স্পেসে যেকোনো কিছু দ্রুত সার্চ করতে পারবেন।

### দ্য রক ক্লক

ডুয়ানে জনসন নামটির সাথে হয়তো আমরা সবাই পরিচিত নই। কিন্তু দ্য রক বললে আমাদের অনেকেরই চিনতে অসুবিধা হওয়ার কথা নয়, আমরা কার কথা বলছি। প্রখ্যাত রেসলার, চলচ্চিত্র তারকা দ্য রক নিয়মানুবর্তীদের জন্য নিয়ে এসেছেন অ্যালার্ম ক্লক অ্যাপ। অ্যাপটিতে ২৫ ধরনের ভিন্ন ভিন্ন রিং টোন পাবেন। আপনি প্রতি সকালে এই



অ্যাপের মাধ্যমে রকের নতুন নতুন বার্তা পাবেন। এই অ্যাপের বেশ কিছু অভিনব ফিচার রয়েছে, যা অন্যান্য অ্যালার্ম ক্লক অ্যাপে দেখা যায়

না। যেমন- রক তার ফোন থেকে আপনার ফোনে এক্সক্লুসিভ ভিডিও বার্তা পাঠাবেন, ২৫ ধরনের অ্যালার্ম টোন যেগুলো রক নিজেই বানিয়েছেন, অ্যালার্ম ক্লকের সাথে স্লুজ ফিচার যেন একে অপরের পরিপূরক, কিন্তু রকের এই অ্যাপে আপনি এই ফিচারটি পারেন না, তাই কোনো ধরনের ঝিমুনির বা আরেকটু ঘুমিয়ে নেয়ার আর কোনো সুযোগ থাকছে না। যদি সকাল ৭টা ৩০ মিনিটের জন্য অ্যালার্ম সেট করে থাকেন, তবে আপনাকে ঠিক ৭টা বাজেই উঠতে হবে। স্লুজ ফিচারের মাধ্যমে আর কিছুক্ষণ ঘুমিয়ে ঝটপট উঠে পড়ুন ঘুম থেকে।

### কার্ড ক্যাচি

আপনি হয়তো প্রায়ই আপনার বিজনেস কার্ড সাথে নিতে ভুল করেন। অথচ আপনাকে হয়তো বন্ধুবান্ধব বা নতুন কারও সাথে পরিচিত হতে বা নতুন পরিচিতদের সাথে পরিচয় দীর্ঘস্থায়ী করতে কার্ড বিনিময়ের দরকার। কার্ড সাথে না থাকলে কীভাবে সেটা করতে পারেন? পারেন, যদি আপনার ফোনে কার্ড ক্যাচি নামের এই অ্যাপটি থাকে। এই অ্যাপ আপনাকে ডিজিটাল কার্ড বানিয়ে তা আপনার বন্ধুদের বা নতুন পরিচিতদের মাঝে বিতরণের সুযোগ করে দেবে। আপনার আশপাশের লোকজনদের খুঁজে বের করতে এই অ্যাপটি গুগল নেয়ারবাই প্রযুক্তি ব্যবহার করে। এর



জন্য আপনাকে কোনো ধরনের অ্যাকাউন্ট খোলার ঝামেলা পোহাতে হবে না বা আপনার ই-মেইল পাঠাতে হবে না। এটি তাৎক্ষণিকভাবে কাজ শুরু করে দেবে। এর মাধ্যমে আপনার নাম, ছবি, ই-মেইল, ফোন নাম্বারসহ যেকোনো তথ্য পাঠাতে পারবেন। একই সময় আপনি এক বা একাধিক লোকের কাছে আপনার কার্ড পাঠাতে পারবেন। আপনার ইচ্ছেমতো সময়েই কার্ড পাঠাতে পারবেন। আপনার পাওয়া সব কার্ড একসাথে রেখে দিতে পারেন। একসাথে রাখা সব কার্ড থেকে দরকারি কার্ডের সার্চও করতে পারবেন এই অ্যাপের মাধ্যমে।

উপরের যেকোনো অ্যাপের সাথে বর্ষা মৌসুম উপভোগ করতে থাকুন। পরের লেখাতে আমরা জানব পরবর্তী মাসে অ্যাপ ভুবনে আমাদের জন্য নতুন কী অপেক্ষা করছে।